দৈনিক সংবাদ

তারিখ 03 JUL 1989
পৃষ্ঠা 1 কলাম 1

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

৫৫

# পথকলি ট্রাস্ট অনুমোদিত

গতকাল রোববার রাষ্ট্রপতি এইচ,এম এরশাদ পথকলি ট্রাস্ট গঠন অনুমোদন করেছেন। এর মধ্য দিয়ে ট্রাস্টের কাজকর্ম শুরু হল। নিজেদের অবস্থার উন্নতি সাধনে লিপ্ত দুস্থ ও অবহেলিত শিশুদের কল্যাণ সাধন করাই ট্রাস্টের লক্ষ্য। খবর বাসস'র।

বেগম রওশন এরশাদ ট্রাস্টের চেয়ারপারসন এবং শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম এর ভাইস চেয়ারম্যান।

রাষ্ট্রপতি ট্রাস্টের জন্য ১৫ লাখ টাকা মঞ্জুরির কথা ঘোষণা করেন।

সাত সদস্যের ঐ ট্রাস্টের অন্যান্য সদস্য হচ্ছেন ডঃ মিজানুর রহমান শেলী, এডভোকেট রেজাউর রহমান, জাতীয় পুরস্কার প্রাপ্ত ফুটবল খেলোয়াড় সালাউদ্দিন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এবং একজন

(৭-এর পাতায় দেখুন)

## পথকলি ট্রাস্ট

(১ম পাতার পর)

মহিলা প্রতিনিধি।

রাষ্ট্রপতি এরশাদের সরাসরি উদ্যোগে পথকলি ট্রাস্ট গঠিত হয়। ট্রাস্ট সব পথকলি বিদ্যালয় এবং চিকিৎসা কেন্দ্র ও প্রশিক্ষণ কেন্দ্রের মত অন্যান্য পথকলি প্রতিষ্ঠানের দায়িত্বভার গ্রহণ করবে এবং উপযুক্ত ব্যবস্থাপনার সাহায্যে এগুলো উপযুক্তভাবে পরিচালনা করার পদক্ষেপ নেবে।